



Most Urgent

By Fax Message/E-mail/ Bag

To: All Bangladesh Missions Abroad (Except Honorary Consulates)
From: MOFA, Dhaka.
No: 19.00.0000.225.61.002.21/26
Date: 20 January 2021

Ref: MOFA's fax message no:19.00.0000.225.61.002.21/05, dated: 04 January 2021

Head of Chancery from Senior Assistant Secretary (IO)

With reference to the above, kindly note that the Medical Education and Family Welfare Division, Ministry of Health and Family Welfare, Dhaka *vide* letter no. 59.00.0000.140.18.019.21.33 dated 19 January 2021 (copy enclosed) has informed that the deadlines for completion of the admission process of foreign students in the Government Medical/ Dental Colleges as well as Private Medical/ Dental Colleges of Bangladesh for academic year 2020-2021 have been extended.

02. This is for kind information and appropriate necessary action at your end.

Enclosed: 02 pages.

With Respectful Regards,

Shaila Shama
20-01-2021
(Shaila Shama)

‘মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি’

‘Mujib Year's Diplomacy, Friendship and Prosperity’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
www.mefwd.gov.bd



স্মারক নং- ৫৯.০০.০০০০.১৪০.১৮.০১৯.২১.০৩০

তারিখ: ০৫ মাঘ ১৪২৭
১৯ জানুয়ারি ২০২১

বিষয়: ২০২০-২১ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে সার্ক ও নন-সার্ক কোটায় বিদেশি শিক্ষার্থী ভর্তি কার্যক্রম সম্পন্নকরণের সময়সীমা বর্ধিতকরণ

সূত্র: স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পত্র নং-স্বাঃশিঃঅধিঃ/চিঃশি/সার্ক-ননসার্ক/২০২০-২০২১/২৩, তারিখ: ১৭/০১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ২০২০-২১ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে সার্ক ও নন-সার্ক কোটায় বিদেশি শিক্ষার্থী ভর্তি কার্যক্রম সম্পন্নকরণের সময়সীমা নির্দেশক্রমে নিম্নবর্ণিতভাবে বর্ধিত করা হলো:


ক্রম	বিষয়/বিবরণ	পূর্ব নির্ধারিত তারিখ	বর্ধিত তারিখ
০১.	বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস সমূহ সরকারি মেডিকেল/ ডেন্টাল কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদের আবেদনপত্র সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে গ্রহণপূর্বক যাচাই বাছাইয়ের পর বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	২৪/০১/২০২১	০৭/০২/২০২১
০২.	পররাষ্ট্র মন্ত্রণালয় সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদের আবেদনপত্র স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করবে।	০৪/০২/২০২১	১৫/০২/২০২১
০৩.	স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর প্রাপ্ত আবেদনসমূহের মার্কস সমতাকরণ (Marks Equalization)সহ যাবতীয় কাজ সম্পন্ন করে সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজের জন্য পৃথক পৃথক মেধাক্রম তালিকা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে।	২২/০২/২০২১	১১/০৩/২০২১
০৪.	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (Marks Equalization) মার্কস সমতাকরণের ভিত্তিতে প্রস্তুতকৃত পৃথক পৃথক মেধাক্রম তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট কমিটির সভা অনুষ্ঠানপূর্বক সরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজের জন্য মেধার ভিত্তিতে বিদেশি শিক্ষার্থী নির্বাচন সম্পন্ন করে তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	১৪/০৩/২০২১	২১/০৩/২০২১
০৫.	পররাষ্ট্র মন্ত্রণালয় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক প্রেরিত সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে মনোনীত ভর্তিচ্ছু বিদেশি শিক্ষার্থীদের তালিকা স্ব-স্ব দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে প্রেরণ করবে। বাংলাদেশ দূতাবাসসমূহ মনোনীত বিদেশি শিক্ষার্থীদের ভিসা ইস্যুসহ সকল ধরনের সহযোগিতা করবে।	২৫/০৩/২০২১	০৭/০৪/২০২১
০৬.	সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ বিদেশি শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।	২০/০৪/২০২১	২৯/০৪/২০২১

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির কার্যক্রম		পূর্ব নির্ধারিত তারিখ	বর্ধিত তারিখ
ক্রম	বিষয়/বিবরণ		
০১.	বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসসমূহ বেসরকারি মেডিকেল/ ডেন্টাল কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদের আবেদনপত্র সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে গ্রহণপূর্বক যাচাই বাছাইয়ের পর বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	২৫/০১/২০২১	১০/০২/২০২১
০২.	পররাষ্ট্র মন্ত্রণালয় বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদের আবেদনপত্র স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করবে।	০৪/০২/২০২১	১৭/০২/২০২১
০৩.	স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর প্রাপ্ত আবেদন সমূহের মার্কস সমতাকরণ (Marks Equalization) সম্পন্ন করে মার্কস সমতাকরণ সনদের মূলকপি সংশ্লিষ্ট মেডিকেল/ডেন্টাল কলেজে প্রেরণ করবে এবং একটি তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট দূতাবাসে ও সামগ্রিক তালিকা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে।	১৫/০৩/২০২১	১৫/০৪/২০২১
০৪.	বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে বিদেশি শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।	২০/০৪/২০২১	২৯/০৪/২০২১

০২। এ সংক্রান্ত অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

০৩। এমতাবস্থায়, পরিবর্তিত সময়সূচি বহির্বিষয়ের বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে প্রচার ও এ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১১/০১/২০২১

(মোহাম্মদ আবদুল কাদের)

উপসচিব

ফোন নং-৯৫৪০৭৩০

e-mail: me1@mefwd.gov.bd

পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব)

পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা


[দৃ: আ: পরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ অনুবিভাগ), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা]

স্মারক নং- ৫৯.০০.০০০০.১৪০.১৮.০১৯.২১-৩৩

তারিখ: ০৫ মাঘ ১৪২৭
১৯ জানুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৩. পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৪. পরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ বেসরকারি মেডিকেল কলেজ এসোসিয়েশন, ঢাকা
০৮. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ বেসরকারি ডেন্টাল কলেজ এসোসিয়েশন, ঢাকা
০৯. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১১. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১২. অফিস কপি/মাস্টার কপি


১১/০১/২০২১

(মোহাম্মদ আবদুল কাদের)

উপসচিব